



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২২

তারিখ: ২৬ পৌষ ১৪২৮

১০ জানুয়ারি ২০২২

বিষয়: মাগুড়া জেলার মহম্মদপুর উপজেলার নহাটা গার্লস স্কুল এন্ড আইডিয়াল কলেজের অধ্যক্ষ জনাব  
রামেন্দ্রনাথ বাছাড়ের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: দুর্নীতি দমন কমিশন, ঢাকার এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.০৭৩.২১-২১৯৭৯,  
তারিখ-১৪/০৯/২০২১খ্রি.

দুর্নীতি দমন কমিশন, ঢাকার এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.০৭৩.২১-২১৯৭৯, তারিখ-১৪/০৯/২০২১খ্রি.  
মোতাবেক মাগুড়া জেলার মহম্মদপুর উপজেলার নহাটা গার্লস স্কুল এন্ড আইডিয়াল কলেজের অধ্যক্ষ জনাব রামেন্দ্রনাথ  
বাছাড়ের মাগুরা জেলা প্রশাসক কর্তৃক দুর্নীতির তদন্ত প্রতিবেদন বাস্তবায়ন বিষয়ে বিধিমনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের  
জন্য অনুরোধ করেন।

অভিযোগের বর্ণনা: মাগুড়া জেলার মহম্মদপুর উপজেলার নহাটা গার্লস স্কুল এন্ড আইডিয়াল কলেজের অধ্যক্ষ জনাব  
রামেন্দ্রনাথ বাছাড়ের মাগুরা জেলা প্রশাসক কর্তৃক দুর্নীতির তদন্ত প্রতিবেদন বাস্তবায়ন বিষয়ে মোঃ রশিদ হাসান আবেদন  
করেন।

জেলা প্রশাসক, মাগুরা এর তদন্ত প্রতিবেদনের মতামত: অভিযোগকারীগণের ১৫টি অভিযোগের বিষয়ে কোন কাগজপত্র  
দেখাতে পারে নাই। সবগুলো অভিযোগের সত্যতা প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। অধ্যক্ষের অনিয়মগুলো নিম্নরূপ:

- ১। কৃষি প্রভাষক রায় বাহাদুর দীর্ঘদিন অনুপস্থিত থাকলেও তাকে বেতন দেওয়া হয়েছে।
- ২। নিয়োগ স্থগিত হলেও ৫ জন শিক্ষককে নীতিমালা বহির্ভূতভাবে নিয়োগ দেয়া হয়েছে।
- ৩। দায়িত্বে অবহেলার কারণে ২জন ছাত্র পরীক্ষা দিতে পারে নাই।
- ৪। এডিপির ৫ লক্ষ টাকাকোন হিসাব দেখাতে পারে নাই।
- ৫। ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ফরম পূরনের বিষয়ে অতিরিক্ত টাকা আদায় করেছেন।
- ৬। ২০১৭ সালের এইচএসসি ফরম পূরণে ৭ লক্ষ টাকার কোন ব্যাংক স্টেমেন্ট দেখাতে পারে নাই।
- ৭। অধ্যক্ষ কলেজে উপস্থিত না থেকে হাজিরা খাতায় স্বাক্ষর করেছেন।
- ৮। বিএম শাখা খোলার জন্য শিক্ষকদের কাছ থেকে টাকা নিয়েছেন।
- ৯। এইচএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে প্রাকটিক্যাল বাবদ ২০০ টাকা করে নেওয়া হয়েছে।
- ১০। বুলন রানী নামে একজনকে অবৈধভাবে নিয়োগ দেয়া হয়েছে। পরবর্তীতে তাকে বাদ দেয়া হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদনের পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও মতামতের প্রেক্ষিতে ০৫ (পাঁচ) দিনের মধ্যে  
জবাব/ ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং এ সংক্রান্তে ০৫ দিনের মধ্যে মতামত প্রদানের জন্য  
গভাণিং বডির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-১-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) জনাব রামেন্দ্রনাথ বাছাড়, অধ্যক্ষ, নহাটা গার্লস স্কুল  
এন্ড আইডিয়াল কলেজ, মহম্মদপুর, মাগুরা।
- ২) সভাপতি, পরিচালনা পরিষদ, নহাটা গার্লস স্কুল এন্ড  
আইডিয়াল কলেজ, মহম্মদপুর, মাগুরা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২২/১

তারিখ: ২৬ পৌষ ১৪২৮  
১০ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা, (সার্বিক সহযোগিতার অনুরোধসহ);
- ৪) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা (সার্বিক সহযোগিতার  
অনুরোধসহ);
- ৫) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, মাগুরা (সার্বিক সহযোগিতার অনুরোধসহ);
- ৬) মোঃ রশিদ হাসান, পানিঘাটা, মহম্মদপুর, মাগুরা।



১০-১-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক